
# GUIDELINE FOR CANDIDATES

**সেনা, নৌ ও বিমান বাহিনীর সার্কুলারে উল্লেখিত শিক্ষাগত মান প্রাপ্ত না হলে সংশ্লিষ্ট বাহিনীর প্রার্থী হিসাবে আপনি আইএসএসবি'তে অবতীর্ণ হতে পারবেন না।**

## অনলাইনে বায়োডাটা ফরম পূরণ নির্দেশাবলী

১। আপনি সেনা/নৌ/বিমান বাহিনী কর্তৃক আইএসএসবি'র জন্য মনোনীত হয়ে থাকলে আপনার আবেদনপত্রে প্রদত্ত মোবাইল নম্বরে **www.issb-bd.org/candidatelogin** এই ওয়েব ঠিকানায় লগ-ইন করার জন্য পাসওয়ার্ড প্রেরণ করা হবে। Page-টি নিম্নরূপঃ





২। লক্ষ্যণীয় বিষয়ঃ

ক। লগ-ইন করার জন্য রোল নম্বর এর ঘরে শুধুমাত্র সংখ্যা লিখুন (RC, BN, BAFA ইত্যাদি ব্যতিত)। উদাহরণঃ রোল নং- BN123456 হলে রোল এর ঘরে শুধুমাত্র 123456 হবে।

খ। আপনার পাসওয়ার্ডটি কিছু Letter ও Number সম্বলিত। উদাহরণস্বরূপঃ "stu123456" পাসওয়ার্ড হলে আপনাকে ছোট অক্ষর বিশিষ্ট stu এবং উল্লেখিত সংখ্যা সহ stu123456 পাসওয়ার্ড হিসাবে ব্যবহার করতে হবে। শুধুমাত্র সংখ্যা 123456 ব্যবহার করলে হবে না। মনে রাখবেন সব ছোট অক্ষর বিশিষ্ট হবে। কোন স্পেস দেয়া যাবে না।

গ। "Sign In" ক্লিক করে আপনার পেইজটি পাবেন। কোন বিষয়ে অসুবিধার সম্মুখীন হলে প্রয়োজনবোধে আইএসএসবি'তে মেইল (info@issb-bd.org) করতে পারেন (অপ্রয়োজনীয় মেইল প্রেরণ করা থেকে বিরত থাকুন)। **এসএমএস** পাঠাতে পারেন এই নম্বরে- **০১৭৬৯০১৮২৮৮** । অপ্রয়োজনীয় যোগাযোগ থেকে বিরত থাকুন।

৩। আপনার পেইজটি দেখতে নিম্নরুপঃ




৪। লক্ষ্যণীয় বিষয়ঃ

ক। Information Check list শুধুমাত্র আপনার প্রস্তুতির জন্য যাতে অনলাইনে পরবর্তী পেইজ সমূহে type করতে সহায়ক হয়। Agreed বাটনে ক্লিক করার পর আপনাকে Basic পেইজ থেকে শুরু করে Relatives পেইজ পর্যন্ত প্রতিটি পেইজে অনলাইনে type করে **প্রতিটি পেইজের শেষে Save করুন**। আপনার **Save** করা তথ্য থেকে যাবে। নিজস্ব সময়ে একই নিয়মে লগইন করে আপনার **Save** করা তথ্য সমূহ দেখতে পাবেন এবং প্রয়োজনীয় সংশোধনও করতে পারবেন। **তবে শুধুমাত্র নিশ্চিত হওয়ার পর Confirm পেইজের submit এ ক্লিক করুন।** (Information Check list ISSB তে আলাদাভাবে প্রেরণ করবেন না)।


খ। Basic Page এ **আপনার ছবি (Photo) সাম্প্রতিক তোলা, স্পস্ট এবং সঠিক মাপের হওয়া আবশ্যক।**

গ। Education পেইজে আপনি যে কলেজ/প্রতিষ্ঠান থেকে এইচএসসি/সমমানের পরীক্ষায় অবতীর্ণ হয়েছেন সে কলেজ/প্রতিষ্ঠানের EIIN নং ব্যবহার করুন। EIIN টি নির্দিষ্ট ঘরে টাইপ করলেই আপনি আপনার প্রতিষ্ঠান দেখতে পাবেন। ক্লিক করে প্রতিষ্ঠানটি সিলেক্ট করুন। প্রয়োজনে "Search google" থেকে আপনার কলেজের EIIN নং জেনে নিন। যদি আপনার কলেজের EIIN নং না থাকে, শুধুমাত্র সেক্ষেত্রে কলেজের নাম type করে লিখে দিতে পারেন। তবে এসএসসি/সমমান পরীক্ষার স্কুল/কলেজ/প্রতিষ্ঠানের নাম সরাসরি type করুন।

ঘ। ***** Confirm পেইজ এ আপনার তথ্যাবলী নিশ্চিত হওয়ার পরই Submit এ ক্লিক করুন।** আপনার তথ্য Submit হয়ে যাবে এবং **আপনি এরপর সংশোধন করার সুযোগ পাবেন না।**

আপনি অনলাইনে বায়োডাটা পুরণ সম্পন্ন করে এসএমএস এ উল্লেখিত সময়ের মধ্যে **Submit** না করলে আপনাকে আইএসএসবি'র জন্য কল করা সম্ভব হবে না।

ঙ। **আপনার 'পাসওয়ার্ড' টি হারাবেন না। যত্ন সহকারে সংরক্ষণ করুন।** কারণ একই পাসওয়ার্ড ও রোল নং ব্যবহার করে **www.issb-bd.org/candidatelogin** এই ওয়েব ঠিকানায় একইভাবে লগইন করে আপনি আপনার **"Call up" letter** অনলাইনে প্রাপ্ত হবেন। অনলাইনে **"Call up" letter** প্রিন্ট করার নোটিশ আলাদাভাবে অন্য একটি এসএমএস এর মাধ্যমে জানানো হবে, তবে আপনি নিজেও নিয়মিত লগইন করে **"Call up" letter** এর জন্য খোঁজ করতে পারেন। **"Call up" letter প্রিন্ট করার নোটিশ সম্বলিত এসএমএস প্রাপ্তির ০২ দিনের মধ্যে কল আপ লেটারটি প্রিন্ট করুন। কারণ এই সময়ের পর আপনি অনলাইনে Access পাবেন না।** www.issb-bd.org/candidatelogin পেইজে আপনার রোল ও পাসওয়ার্ড দিয়ে যে কলআপ লেটার প্রাপ্ত হবেন তার নমুনা নিম্নরুপঃ



Call Up Letter

CALL UP LETTER FOR ISSB

BOARD NO: 2072
BATCH NO: Army,RC-79 & Army
DURATION: From 09-07-2017 to 12-07-2017
REPORTING TIME: 07:30 AM

Name: ------------------------------------------------
Phone: ------------------------------------------------
Batch: -------------------- Roll: ------------------------------------

Print

এ ছাড়াও আইএসএসবি'র ওয়েবসাইট **www.issb-bd.org** নিয়মিত ভিজিট করুন। ওয়েবসাইটে প্রদত্ত তথ্যাদি আপনার প্রস্তুতি ও অন্যান্য বিষয়ে সহায়ক হবে। আপনি এই ওয়েবসাইটের হোম পেইজের মধ্যবর্তী কলামে **"Search for Call up"** এ যেয়ে আপনার রোল নম্বর ও অন্যান্য তথ্যাদি দিয়ে আইএসএসবি'তে হাজির হওয়ার অন্যান্য সকল নির্দেশাবলী জেনে নিন।

চ। কলআপ লেটার প্রিন্ট করে উল্লেখিত তারিখ ও সময়ে আইএসএসবি'তে উপস্থিত হতে হবে। **কোনভাবেই কলআপ লেটার Edit/সংশোধন করে প্রিন্ট করবেন না।**

# <u>অন্যান্য নির্দেশাবলী</u>

৫। আপনি ইতিমধ্যে চলতি সেশনে যে কোন বাহিনীতে আইএসএসবি'তে অবতীর্ণ হয়ে থাকলে বর্তমান কিংবা পরবর্তী কল আপনার জন্য প্রযোজ্য হবে না। প্রয়োজনবোধে আইএসএসবি'তে যোগাযোগ করুন।

৬। **এইচএসসি ফলাফল প্রকাশের পর দীর্ঘ মেয়াদী কোর্সের (লং কোর্স) এর যে কোন বাহিনীর প্রার্থী হয়ে থাকলে এসএসসি এবং ওয়েবসাইট হতে প্রাপ্ত এইচএসসি পরীক্ষার ফলাফলের একটি প্রিন্ট কপি সঙ্গে নিয়ে আসবেন, যা আইএসএসবি'তে প্রবেশকালে প্রদর্শন করতে হবে। সেনা, নৌ ও বিমান বাহিনীর সার্কুলারে উল্লেখিত শিক্ষাগত মান প্রাপ্ত না হলে সংশ্লিষ্ট বাহিনীর প্রার্থী হিসাবে আপনি আইএসএসবি'তে অবতীর্ণ হতে পারবেন না।**

৭। আপনি যদি একাধিক বাহিনীর (সেনা/নৌ/বিমান বাহিনী) প্রার্থী হয়ে থাকেন তবে আপনি একান্তভাবে যে বাহিনীতে যোগদান করতে ইচ্ছুক, সেই বাহিনীর **"Call up"** letter নিয়ে আইএসএসবি'তে উপস্থিত হবেন। **আপনি শুধুমাত্র যে কোন একটি বাহিনীর প্রার্থী হিসাবে আইএসএসবি'তে উপস্থিত হওয়ার সুযোগ পাবেন।** এ বিষয়ে অনলাইনে বিভিন্ন বাহিনীর প্রার্থী হিসাবে বায়োডাটা পূরণ করা/ না করা কিংবা আইএসএসবি'তে কোন্ বাহিনীর জন্য উপস্থিত হবেন ইত্যাদি বিষয়ে সিদ্ধান্ত সম্পূর্ণ আপনার নিজের।

৮। **আইএসএসবি'তে অংশগ্রহণের জন্য উপস্থিত হওয়ার পূর্বে মাউস দিয়ে কম্পিউটারের ব্যবহার অনুশীলন করতে পরামর্শ প্রদান করা হলো। কম্পিউটার/মোবাইল/অন্য যেকোন ইলেকট্রনিক সামগ্রী সংগে আনা যাবে না।**